



স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২০-২৬৮

তারিখ: ১৪ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

দপ্তরাদেশ

বিষয়ঃ নবনির্মিত পানি ভবনের শুভ উদ্বোধন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ/১৬ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ রোজ বৃহস্পতিবার সময়ঃ সকাল ১০:৩০ ঘটিকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বহুল প্রত্যাশিত নবনির্মিত 'পানি ভবন'-এর শুভ উদ্বোধন হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ভারুয়াল সভা ও ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'পানি ভবন'-এর শুভ উদ্বোধন ঘোষণা করবেন।

বর্ষিত অনুষ্ঠানটি উদ্বোধনের নিমিত্ত মাঠ পর্যায়ে জোনাল প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলীগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিটি জেলায় পানি উন্নয়ন বোর্ডের দপ্তরে উদ্বোধনী অনুষ্ঠান উৎসবমুখর পরিবেশে উপভোগ করার জন্য বড় পর্দার (Big Screen) মাধ্যমে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে সকল স্থানে বড় পর্দার (Big Screen) ব্যবস্থা নেই সেখানে টেলিভিশনের মাধ্যমে সম্প্রচারিত অনুষ্ঠান উদ্বোধন ও উপভোগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধি এবং বাপাউবো'র অংশীজনদের (Stakeholder) নিমন্ত্রণের মাধ্যমে উপস্থিতির ব্যবস্থা করতে হবে।

মাঠ পর্যায়ের আঞ্চলিক/বিভাগ/জেলায় বহুল প্রত্যাশিত 'পানি ভবন' এর শুভ উদ্বোধনী অনুষ্ঠানটি উৎসবমুখর পরিবেশে যেন সকলে উপভোগ করতে পারেন তা জোনাল প্রধান প্রকৌশলী, তৎসংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীগণ স্ব স্ব অবস্থান থেকে মনিটরিং/তদারকি করবেন এবং অনুষ্ঠানটিকে সাফল্যমণ্ডিত করে তুলবেন। উল্লেখ থাকে যে, অনুষ্ঠান উদ্বোধনের সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণীয়।

এ আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হলো।


বিষয়টি অতীব জরুরী।


(মোঃ মুজিবুর রহমান)
সচিব
বাপাউবো, ঢাকা।

সেল# ০১৭১৪৪০০৫৩৭

অনুলিপি (জ্ঞাতার্থে) প্রেরণ করা হলো।

১। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


সচিব ২৯/০৯/২০২০
বাপাউবো, ঢাকা।

বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে)।

১-৯। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল/ রংপুর।

১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল মাঠ পর্যায়ে) বাপাউবো,।

১১। নির্বাহী প্রকৌশলী (সকল মাঠ পর্যায়ে) বাপাউবো,।

১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৩। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

১৪-১৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/প্রশাসন/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।